



বিশ্বকাপ প্রস্তুতি ম্যাচে আইসল্যান্ডকে হারিয়ে আর্জেন্টিনার জয়



ছবি: সংগৃহীত

বিশ্বকাপের আগে নিজেদের শেষ প্রস্তুতি ম্যাচে দাপুটে জয় পেয়েছে আর্জেন্টিনা। আইসল্যান্ডকে ৩-০ গোলে হারিয়েছে লিওনেল স্কালোনির দল।

ম্যাচের শুরু থেকেই আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকে আর্জেন্টিনা। প্রথমার্ধেই দুর্দান্ত এক ভলি শটে দলকে এগিয়ে দেন ডিফেন্ডার বারকো। ডি-বক্সের বাইরে থেকে নেওয়া তার নিচু শটটি আইসল্যান্ড গোলরক্ষকের নাগালের বাইরে দিয়ে জালে জড়ায়।

এই গোলার পর আরও কয়েকটি সুযোগ তৈরি করলেও ব্যবধান বাড়তে পারেনি আলবিসেসেলস্তেরা। ১-০ গোলার লিড নিয়েই বিরতিতে যায় তারা।

দ্বিতীয়ার্ধের ৬৭ মিনিটে মাঠে নামেন লিওনেল মেসি। মাঠে নামার পাঁচ মিনিটের মাথায় স্পট কিং থেকে দলের দ্বিতীয় গোল করেন তিনি। এর আগে লাউতারো মার্তিনেজকে দারুণ একটা পাস দিয়েছিলেন মেসি, তবে ফাউলের কারণে সেই আক্রমণ থেমে যায়।

ম্যাচের শেষ দিকে আলমাদার গোলে ব্যবধান আরও বাড়ায় আর্জেন্টিনা। শেষ পর্যন্ত ৩-০ গোল জয় নিয়েই মাঠ ছাড়ে বর্তমান বিশ্বচ্যাম্পিয়নরা।